

স্মারক নং- ০৫.৪৭.৭৭৯০.৮৩১.০৫.০৬৫.২০২৪- ১০১৫

তারিখ: ২৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

পরিপত্র ও ঝুঁকিপূর্ণ গাছ নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(বিজ্ঞপ্তি নং- ০১/২০২৬-২০২৭)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ২৮/১০/২০০৮ খ্রি. তারিখে স্বাসবি/ইপ/বিবিধ-০৫/২০০৪/১২৬৩(৫০৫০) নং স্মারকে জারিকৃত পরিপত্র মোতাবেক তেঁতুলিয়া উপজেলাধীন ৪নং শালবাহান ইউনিয়ন পরিষদের ৯নং ওয়ার্ডের অর্ন্তগত খোটাগছ গ্রামের ইসহাক আলীর বাড়ী হতে পূর্ব দিকে আব্দুল জলিলের বাড়ী হয়ে ডাহক নদী পর্যন্ত ১.০০ কি.মি. এবং খোটাগছ মসজিদ হতে পশ্চিমে আতিয়ারের খাল পর্যন্ত ০.২৫ কি.মি. রাস্তার দুই ধারে ২০০৯ সালে ইউনিয়ন পরিষদের সাথে চুক্তিবদ্ধভাবে রোপিত গাছসমূহের মধ্যে ঝুঁকিপূর্ণ ২১৫ (দুইশত পনের)টি ইউক্যালিপ্টাস গাছ নিলামে বিক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রস্তাব, বন/বিট কর্মকর্তা, তেঁতুলিয়া ফরেস্ট বিট কর্তৃক দাখিলকৃত মূল্য নির্ধারণী প্রতিবেদন এবং জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় এর স্থানীয় সরকার শাখা'র গত ০৯/০৯/২০২৬ তারিখের ০৫.৪৭.৭৭০০.০০০.০১০.৯৯.০০২৬.২৬.৬৭ নং স্মারকপত্রে নিলামে বিক্রয় প্রস্তাব অনুমোদনের প্রেক্ষিতে এ সংক্রান্ত নিলাম কমিটির গত ০৬/১০/২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী যে স্থান হতে গাছ কর্তন করা হবে উক্ত স্থানে ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিবেশ উপযোগী প্রয়োজনীয় সংখ্যক নতুন গাছ রোপন করা সাপেক্ষে বিধিমোতাবেক কর্তনযোগ্য গাছ নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রকৃত কাঠ ব্যবসায়ী/বৈধ করাতকল মালিক/ফার্নিচার ব্যবসায়ী/সর্বসাধারণের নিকট হতে সীলমোহরকৃত বদ্ধ খামে শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সীমা মোতাবেক অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতীত) সময়ে নির্ধারিত অফেরতযোগ্য মূল্য পরিশোধ পূর্বক দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

ক্রম	বিবরণ	সিডিউল বিক্রয়ের তারিখ, সময় এবং স্থান	দরপত্র দাখিলের তারিখ ও সময় এবং যে স্থানে দরপত্র দাখিল করা হবে	দরপত্র বাস্তব খোলার তারিখ, সময় ও স্থান
০১	তেঁতুলিয়া উপজেলাধীন ৪নং শালবাহান ইউনিয়ন পরিষদের ৯নং ওয়ার্ডের অর্ন্তগত খোটাগছ গ্রামের ইসহাক আলীর বাড়ী হতে পূর্ব দিকে আব্দুল জলিলের বাড়ী হয়ে ডাহক নদী পর্যন্ত ১.০০ কি.মি. এবং খোটাগছ মসজিদ হতে পশ্চিমে আতিয়ারের খাল পর্যন্ত ০.২৫ কি.মি. রাস্তার দুই ধারে ২০০৯ সালে ইউনিয়ন পরিষদের সাথে চুক্তিবদ্ধভাবে রোপিত গাছসমূহের মধ্যে ঝুঁকিপূর্ণ ২১৫ (দুইশত পনের)টি ইউক্যালিপ্টাস গাছ নিলামে বিক্রয়	১১/১০/২০২৬ হতে ২৬/১০/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড়	২৭/১০/২০২৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত। দরপত্র গ্রহণের স্থান ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় খ) উপজেলা ভূমি অফিস, তেঁতুলিয়া, পঞ্চগড়	২৭/১০/২০২৬ দুপুর ৩.০০ ঘটিকা স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড়

লট নং	প্রজাতির নাম	ক্রম	গাছের সংখ্যা	মার্কিং অনুযায়ী গাছের নাম্বার
০১	ইউক্যালিপ্টাস	১০ হতে ১৬০ পর্যন্ত	৬০টি	১০-১৯, ২৬-৩৬, ১১৬-১২২, ১২৮-১৬০
০২	ইউক্যালিপ্টাস	১৬১ হতে ২২৫ পর্যন্ত	৬০টি	১৬১-১৬৯, ১৭৩, ১৭৫-১৮০, ১৮২-২২৫
০৩	ইউক্যালিপ্টাস	২২৬ হতে ২৭১ পর্যন্ত	৩০টি	২২৬-২৩৫, ২৫২-২৭১
০৪	ইউক্যালিপ্টাস	২৭২ হতে ২৯৮ পর্যন্ত ৩১৭ হতে ৪৩৯ পর্যন্ত	৬৫টি	২৭২-২৮১, ২৮৪-২৮৫, ২৮৭-২৯৬, ২৯৮, ৩১৭-৩১৯, ৩২১, ৩২৬-৩৩৫, ৩৩৭-৩৪৬, ৩৪৮-৩৫০, ৩৭৭-৩৭৯, ৩৯২, ৪২২-৪২৬, ৪৩২-৪৩৪, ৪৩৭-৪৩৯
মোট = ০৪ (চার) টি লট			মোট=২১৫ টি গাছ	

“দরপত্রের শর্তাবলী”

১. ট্রেড লাইসেন্সধারী সাধারণ ব্যবসায়ী/যে কোন বন বিভাগ হতে হালনাগাদকৃত কাঠের ডিপো লাইসেন্সধারী ব্যক্তি/বৈধ ‘স’ মিলের মালিক/বৈধ ফার্ণিচার মার্ট মালিক/সংশ্লিষ্ট বাগানের উপকারভোগী সদস্যগণ/অন্যান্য ব্যক্তিগণ এ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
২. দরপত্রদাতাকে অবশ্যই নির্ধারিত দরপত্র সিডিউল প্রতিটি লটের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে অফিস চলাকালীন সময়ে (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) ক্রয় করে “উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড়” এর বরাবরে সীলমোহরকৃত বন্ধ খামে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই দরপত্র দাখিল করতে হবে।
৩. দাখিলকৃত দরপত্র সিডিউলের খামের উপরে বামপার্শ্বে দরপত্রদাতার পূর্ণনাম, ঠিকানা ও ডান পার্শ্বে লট নম্বর স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্র সিডিউলের নির্দিষ্ট অংশে লটের মোট মূল্য অংকে ও কথায় পৃথকভাবে স্পষ্টাক্ষরে অবশ্যই লিখতে হবে। কোনো প্রকার কাটা-কাটি, উপরিলিখন (Over writing) বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। এরূপ পরিলক্ষিত হলে তার দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৪. দরপত্রদাতাকে দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে:
ক) জামানত বাবদ “উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড়” এর বরাবরে প্রতিটি লটের জন্য দাখিলকৃত দরপত্র সিডিউলে উদ্ধৃত মোট মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) হারে যে কোনো তফসিলী ব্যাংক হতে দরপত্রদাতার নিজ নামে ইস্যুকৃত সঠিক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/এসডিআর দাখিল করতে হবে
খ) দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দাখিল করতে হবে
গ) দরপত্রদাতার নিজ নামের স্বাক্ষরযুক্ত ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
৫. প্রত্যেকটি লটের জন্য জামানত হিসাবে লটের মোট উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় এর অনুকূলে ইস্যুকৃত আলাদা আলাদা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে। এক লটের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অন্য লটের জন্য প্রযোজ্য হবে না।
৬. কৃতকার্য দরপত্রদাতার দরপত্র গ্রহণের ০৭ (সাত) দিনের মধ্যে দরপত্রদাতা লট ভিত্তিক সমুদয় মূল্য একযোগে পরিশোধ করতে বাধ্য থাকবেন। লট ভিত্তিক লটের সমুদয় মূল্যের সাথে লটের মোট উদ্ধৃত মূল্যের উপর শতকরা ১০% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাট অথবা সরকার কর্তৃক জারীকৃত হালনাগাদ হারে আয়কর, ভ্যাটসহ অন্যান্য ফি প্রদান করতে হবে। এ সময় কৃতকার্য দরপত্রদাতার জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর টাকা লটের মূল্যের সাথে সমন্বয় করা হবে।
৭. দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট লটের গাছ/বনজঙ্গলব্যবসমূহ সরেজমিনে দেখে নিবেন। দরপত্রদাতা দরপত্র দাখিলের পর লটের গাছ/বনজঙ্গলব্যবসমূহ সরেজমিনে না দেখার অজুহাত গাছ/কাঠের পরিমাণ কম/বনজঙ্গল নষ্টের কারনে দরপত্র প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ মরা, পঁচা, ঢোড় বা অন্য কোনো ওজর-আপত্তি উত্থাপনপূর্বক লটের মূল্য পরিশোধপত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে দাখিলকৃত জামানত সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোনো দাবী গ্রহণযোগ্য হবে না।
৮. দরপত্র খোলার দিন হতে বিক্রিত লটের গাছ/বনজঙ্গলব্যব রক্ষণাবেক্ষণ ও হেফাজতের পূর্ণ দায়-দায়িত্ব কৃতকার্য দরপত্রদাতার উপর থাকবে। নিলাম কার্য শেষে যদি কোনো দৈব-দুর্বিপাকে, ঝড়-তুফানে, বন্যায় বা আগুনে পুড়ে, চুরি হওয়া ইত্যাদি কারণে কোনো লটের গাছ/বনজঙ্গলব্যবের কোনো ক্ষতি হয়, তার জন্য সরকারকে বা নিম্নস্বাক্ষরকারীকে দায়ী করা যাবে না।
৯. কোনো দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/এসডিআর ভুয়া প্রমাণিত হলে বা দরপত্রের সাথে কোনো রকম ভুয়া বা মিথ্যা সনদপত্র/কাগজ-পত্র/তথ্য দাখিল করলে বা কোনো প্রকার জাল-জালিয়াতি/প্রতারণার আশ্রয় গ্রহণ করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. একটি লটের গাছ একাধিক দরপত্রদাতার নিকট বিক্রয় করা হবে না। তবে একজন দরপত্রদাতা একাধিক লটের দরপত্র সিডিউল ক্রয় এবং দাখিল করতে পারবেন। প্রতিটি লটের জন্য প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ পৃথক-পৃথক খামে পূর্ণাঙ্গ দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না। একটি লটের বিপরীতে সমমূল্যের একাধিক দরপত্র পাওয়া গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরপত্রদাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে কৃতকার্য দরপত্রদাতা নির্বাচন করা হবে। সকল লটের দর সমষ্টিগতভাবে বিবেচনায় আনা হবে না, প্রতিটি লটের দর পৃথক পৃথকভাবে বিবেচনায় আনা হবে। তবে এ ক্ষেত্রে কোনো প্রকার জটিলতা দেখা দিলে নিলাম কমিটি কর্তৃক সকল দরপত্র বাতিল করতে পারবেন।
১১. কৃতকার্য দরপত্রদাতা কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে গাছ কর্তন/আহরণের বিষয়টি অবহিত করে লটের গাছ/কাঠ, কর্তন/অপসারণের কাজ শুরু করবেন।
১২. নিলাম দরপত্র অনুমোদনের পর লটের উদ্ধৃত মূল্য, আয়কর, ভ্যাট জমা প্রদান করতে ব্যর্থ হলে দরপত্র আহবানকারী সংশ্লিষ্ট দরপত্রদাতার সমুদয় জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত ও দাখিলকৃত দরপত্র বাতিল করতে পারবেন এবং পুনরায় উক্ত লট পুনঃটেণ্ডারের মাধ্যমে বিক্রয় করা হবে। এ ক্ষেত্রে লটক্রেতার কোনো দাবী গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
১৩. কৃতকার্য দরপত্রদাতাকে কার্যাদেশ প্রদানের জরুরিভিত্তিতে গাছ কাটা (গাছ এর মোথা মাটিতে অবশ্যই রেখে) শুরু করবেন। নির্ধারিত সময়ের মধ্যে গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে এবং কর্তিত গাছ/বনজঙ্গলব্যব পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে অপসারণ করতে হবে। কোনো অবস্থাতেই চিহ্নিত নম্বরভুক্ত/মার্কাবিহীন অন্য কোনো গাছ/বনজঙ্গলব্যব (যদি থাকে) কর্তন বা অপসারণ করা যাবে না।
১৪. লট হতে কাঠ বের করে গন্তব্যস্থলে নেওয়ার ক্ষেত্রে দরপত্র প্রাপ্ত দরপত্রদাতাগণ বনজঙ্গল পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ অনুসরণ করবেন।

১৫. কৃতকার্য দরপত্রদাতাকে যথেষ্ট সতর্কতার সাথে লটের গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে। যদি অসতর্কতার দরুণ মার্কাকৃত গাছ কাটার সময় পাশের কোনো গাছ/ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত/বিনষ্ট হয়, তাহলে বিনষ্ট গাছের ও ঘর-বাড়ির মূল্য বাজার দরের দেড়গুণ হারে কৃতকার্য দরপত্রদাতার নিকট হতে আদায় করা হবে। গাছ কাটার সময় যানবাহন, বৈদ্যুতিক তার, মাটির উপরে ও নীচে টেলিফোনের তার ও সড়কের কোনো ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট লটক্রেতা দায়ী থাকবেন এবং ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন। অন্যথায় জামানতের টাকা হতে ক্ষতিপূরণের টাকা কর্তন পূর্বক আদায় করা হবে।
১৬. কৃতকার্য দরপত্রদাতা লট হতে বনজঙ্গল পরিবহন করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রতিনিধি বনজঙ্গলের বৈধতা পরীক্ষা করার জন্য পরিবহনকারী যানবাহন থামিয়ে চেক করতে পারবেন। এতে কৃতকার্য দরপত্রদাতার কোনো প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১৭. কৃতকার্য দরপত্রদাতা কর্তৃক লটের গাছ কর্তন, গাছের লগ ও ডাল-পালা ফেলে যানবাহন চলাচল বা মানুষ চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। গাছ কাটার সাথে সাথে বিধি মোতাবেক তা অপসারণ করতে হবে।
১৮. কৃতকার্য দরপত্রদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে লটের টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই পুনরায় দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয় করার কার্যক্রম গ্রহণ করা হবে।
১৯. সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত অর্থাৎ দিনের বেলায় গাছ কর্তন/অপসারণ/স্থানান্তর করা যাবে। কোন অবস্থাতেই রাত্রিকালীন কোনো প্রকার গাছ কর্তন/স্থানান্তর করা যাবে না।
২০. কৃতকার্য দরপত্রদাতাগণ কোনো অবস্থাতেই নির্দিষ্ট নম্বরভুক্ত/মার্কাবিহীন অথবা বিক্রয় তালিকা বহির্ভূত অথবা অন্য কোনো সংস্থা বা ব্যক্তির কোনো গাছ কর্তন করতে পারবেন না। উক্ত শর্তাবলী ভঙ্গকারী কৃতকার্য দরপত্রদাতার নিকট হতে গাছের বাজার মূল্যের ০৩ (তিন) গুণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে আদায় করতে পারবেন। ক্ষতিপূরণ আদায় সম্ভব না হলে "The Public Demands Recovery Act, ১৯১৩" অনুযায়ী সাটিফিকেট মামলা দায়ের করার মাধ্যমে আদায় করা হবে।
২১. দরপত্র নোটিশে শর্ত হিসেবে যাই উল্লেখ থাকুক না কেনো, দরপত্রদাতা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন-কানুনের আওতাভুক্ত থাকবেন এবং দরপত্র বিজ্ঞপ্তির শর্তসমূহ চুক্তিপত্রের শর্ত বলে গণ্য হবে।
২২. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান দরপত্র প্রদান বা গ্রহণের সময় অফিস প্রাঙ্গণে সন্ত্রাসীমূলক আচরণ, বিশৃঙ্খলা, গোলযোগ, উত্তেজনা, ত্রাস সৃষ্টির অপপ্রয়াস চালান বা ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে দরপত্র দাখিলে বাধা প্রদান করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র বাতিল করা হবে।
২৩. দরপত্র মূল্যায়ন কমিটি কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোনো দরপত্র দরপত্র বাতিল, স্থগিত, সংশোধন অথবা আংশিক সংশোধন/পরিবর্তন/ আংশিক পরিবর্তন/পরিবর্তন এবং দরপত্র নোটিশ জারীর পর কোনোরূপ মুদ্রনজনিত কারণে ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যাপারে দরপত্র মূল্যায়ন কমিটি কারো নিকট কারণ দর্শাতে বাধ্য নন।
২৪. অনিবার্য কারনবশতঃ নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র উন্মুক্তকরণ সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই স্থান ও সময়ে দরপত্র উন্মুক্ত করা হবে।



মোঃ আনোয়ার হোসাইন

উপজেলা নির্বাহী অফিসার

ঠেতুলিয়া, পঞ্চগড়

☎ ০২৫৮৯৯৪২৬০১

e-mail: unotetulia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠেতুলিয়া, পঞ্চগড়


www.tetulia.panchagarh.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৭৭৯০.৮৩১.০৫.০৬৫.২০২৪- ১০১৫(১০০)

তারিখ: ২৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১. জেলা প্রশাসক, পঞ্চগড়
২. উপপরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ঠেতুলিয়া, পঞ্চগড়
৪. উপজেলা কর্মকর্তা, ঠেতুলিয়া, পঞ্চগড়
৫. অফিসার ইনচার্জ, ঠেতুলিয়া মডেল থানা, পঞ্চগড়
৬. চেয়ারম্যান/প্রশাসক, বাংলাবান্ধা/তিরনইহাট/ঠেতুলিয়া/শালবাহান/বুড়াবুড়ি/ভজনপুর/দেবনগড় ইউনিয়ন পরিষদ, ঠেতুলিয়া, পঞ্চগড়
৭. জনাব
৮. সংশ্লিষ্ট নথি/ওয়েব সাইট/নোটিশ বোর্ড



মোঃ আনোয়ার হোসাইন

উপজেলা নির্বাহী অফিসার

ঠেতুলিয়া, পঞ্চগড়

(পাতা- ৩/৩)